কুষ্টিয়া সীমান্তে বিএসএফ‘র গুলিতে কৃষক গুলিবিদ্ধ

কুষ্টিয়ার দৌলতপুর সীমান্তে বিএসএফের গুলিতে গাজী (৩২) নামে এক বাংলাদেশি কৃষক গুলিবিদ্ধ হয়েছেন।

মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) সকালে উপজেলার রামকৃষ্ণপুর ইউনিয়নের ছলিমেরচর সীমান্তে এ ঘটনা ঘটে। গুলিবিদ্ধ কৃষক ওই এলাকার নিয়ামত আলীর ছেলে। তিনি এখন বিএসএফের তত্বাবধানে ভারতে চিকিৎসাধীন রয়েছেন।

বিজিবি ও স্থানীয় সূত্রে জানা যায়, ছলিমেরচর সীমান্ত এলাকার কৃষক গাজী, রুবেল ও সাহাবুল ১৫৭/২(এস) সীমান্ত পিলার সংলগ্ন বাংলাদেশি ভূ-খন্ডে নিজ জমিতে সরিষা কাটছিলেন। এসময় ভারতের মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার মুরাদপুর ক্যাম্পের টহলরত বিএসএফ তাদের লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোড়ে। এতে পায়ে গুলিবিদ্ধ হন গাজী। তবে অন্য কৃষকরা পালিয়ে প্রাণে বেঁচে যান। পরে গুলিবিদ্ধ কৃষক গাজীকে ধরে নিয়ে যায় বিএসএফ। এ ঘটনায় সীমান্ত জুড়ে আতংক ছড়িয়ে পড়েছে।

রামকৃষ্ণপুর ইউপি চেয়ারম্যান সিরাজ মন্ডল জানান, ছলিমেরচর সীমান্ত এলাকায় বিএসএফের গুলিতে গাজী নামে এক কৃষক গুলিবিদ্ধ হয়েছেন। তবে তিনি মারা গেছেন কিনা তা নিশ্চিত হওয়া যায়নি।

এ ঘটনায় ৪৭ বিজিবি ব্যাটালিয়ন অধিনস্থ চিলমারী বিওপি’র পক্ষ থেকে পতাকা বৈঠকের আমন্ত্রণ জানিয়ে বিএসএফের নিকট পত্র পাঠানো হয়েছে।

৪৭ বিজিবির ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্ণেল রফিকুল আলম বলেন, সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি একজনের পায়ে গুলি লেগেছে। তিনি ভারতে চিকিৎসাধীন রয়েছেন বলে আমরা জানতে পেরেছি।

মেপ্র/ইএম

কুষ্টিয়ায় খাদ্য দিবস উপলক্ষে মৌবনের উদ্যোগে খাদ্য বিতরণ

‘সবাই মিলে হাত মেলাই, নিরাপদ খাদ্য নিশ্চিত চাই’ এই প্রতিপাদ্য নিয়ে কুষ্টিয়ায় জাতীয় নিরাপদ খাদ্য দিবস উপলক্ষে খাদ্য বিতরণ করা হয়েছে।
রবিবার রাতে মৌবন চত্বরে রিকশা-অটোরিকশা চালকসহ ভাসমান ক্ষুধার্তদের মাঝে এ খাদ্য বিতরণ করা হয়।
এসময় মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, ডিস্ট্রিবিউশন ম্যানেজার আশিকুজ্জামান রনি, সহকারী ব্যবস্থাপক অমিত দত্তসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।
মৌবন কতৃপক্ষ জানান, মৌবন শুধু ব্যবসায় করে না, সাধারণের সাথে থাকে। সামাজিক কর্মকান্ডসহ মানবকল্যাণেও নিয়োজিত থাকে। তারই ধারাবাহিকতায় বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে রাতের সময় শহরে চলাচলরত রিকশা-অটোরিকশা চালকসহ শতাধিক ভাসমান ক্ষুধার্তদের মাঝে এসব খাদ্য বিতরণ করা হয়। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে বলেও জানান। মেপ্র/ইএম

কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘর পরিদর্শনে একদল সাংবাদিক

বাংলা ভাষায় গ্রামীণ সাংবাদিকদের ইতিহাস লিখতে যে কয়জন সাংবাদিকের নাম আসে তাদের মধ্যে কাঙাল হরিনাথ মজুমদার অন্যতম। তার স্বপ্ন কুষ্টিয়ার কুমারখালীর কুন্ডুপাড়ার মাটিতে পোঁতা।

এতদিন রক্ষণাবেক্ষণের অভাবে অবহেলায় পড়েছিল তার স্মৃতি। তবে সেসব স্মৃতি সংরক্ষণের উদ্যোগ নিয়েছে সরকার। প্রতিষ্ঠা করা হয়েছে কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘর। জাদুঘরে রাখা হয়েছে মিউজিয়াম, অডিটোরিয়াম ও লাইব্রেরী। এই জাদুঘর এখন দর্শনীয় স্থানে পরিণত হয়েছে। ফলে আসতে শুরু করেছেন দর্শনার্থীরা।

কুষ্টিয়ার কুমারখালী পৌরসভা সংলগ্নে গড়ে তোলা হয়েছে গ্রামীণ সাংবাদিকতার পথিকৃৎ কাঙাল হরিনাথ মজুমদার স্মৃতি জাদুঘর।

দর্শনীয় নির্মাণ শৈলীর দুইতলা ভবনে কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘরের গ্যালারিতে ১৬৬টি নিদর্শন রয়েছে। মনোরম নিরিবিলি পরিবেশে অবস্থিত লাইব্রেরীতে বইয়ের সংখ্যা রয়েছে প্রায় পাঁচশ। এছাড়াও রয়েছে একটি আধুনিক মিলনায়তন, যার আসন সংখ্যা শতাধিক।

সাংবাদিক কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘরের দুইতলা দৃষ্টিনন্দন ভবনে ছোট বড় ১৫টি কক্ষ রয়েছে। সামনে রয়েছে সান বাঁধানো মুক্তমঞ্চ, সেখানে সাংবাদিক কাঙাল হরিনাথ মজুমদারের ভাস্কর্য জাদুঘরের শোভা বাড়িয়েছে। এছাড়াও কাঙাল হরিনাথ মজমুদারের ঐতিহাসিক ছাপার যন্ত্র এমএন প্রেসের মডেল, কিছু যন্ত্রাংশ, বাংলা টাইপ অক্ষর, ছবি ও কিছু পাণ্ডুলিপিসহ বেশকিছু কালের সাক্ষী স্মৃতি জাদুঘরে স্থান পেয়েছে।

সরেজমিনে দেখা গেছে, পুরো জাদুঘর সিসি ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হয়। তাছাড়া মাল্টিমিডিয়া প্রোজেক্টরের সাহায্যে সাংবাদিক কাঙাল হরিনাথ মজুদদারের ওপর ভিডিও দেখানোর ব্যবস্থা রয়েছে। প্রতিদিন দর্শনার্থীরা জাদুঘর পরিদর্শন করতে আসেন। গ্রেটার কুষ্টিয়া নিউজের সম্পাদক মোহাম্মদ রবিউল আলম বলেন, ‘কুমারখালীর ইতিহাস ঐতিহ্যের ধারক ও বাহক সাংবাদিক কাঙাল হরিনাথ গ্রামীণ সাংবাদিকতার প্রবাদপুরুষ। তাকে অনুসরণ করা প্রয়োজন। এই যুগে কাঙাল হরিনাথের মতো সাংবাদিক প্রয়োজন। এখানে যাতে আরও বেশি দর্শনার্থী আসতে পারে বেশি বেশি প্রচার প্রচারনা চালানো দরকার।

কাঙাল হরিনাথ স্মৃতি জাদুঘরের মিউজিয়ামের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সৈয়দ এহসানুল হক বলেন, ‘এই স্মৃতি জাদুঘরটি দেখভাল করে জাতীয় জাদুঘর। বর্তমানে এখানে ১৫ জন কর্মী আছে। প্রতি দর্শনার্থীর জন্য ১০ টাকা প্রবেশ ফি নেওয়া হয়। প্রতিদিন অর্ধশত দর্শনার্থী পরিদর্শন করেন। মাঝে মাঝে কলকাতা থেকে পর্যটক আসেন।’

তিনি আরও বলেন, ‘কুমারখালীর শিলাইদহে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতিবিজড়িত কুঠিবাড়ী, বাউল সম্রাট ফকির লালন শাহর মাজার ও সাহিত্যিক মীর মোশারফের বাস্তুভিটার মতো এই জাদুঘরেও দর্শনার্থী আসবেন।’

শনিবার পরিদর্শনে এসেছিলেন বার্তা২৪.কমের স্টাফ করেসপন্ডেন্ট এসএম জামালসহ মেহেরপুরের সাংবাদিক মেহের আমজাদ ও স্থানীয় সাংবাদিক সহকর্মীরা। তারা বলেন, ‘সহকর্মীরা মিলে জাদুঘর দেখতে

এসেছি। সাংবাদিক কাঙাল হরিনাথ সম্পর্কে অনেক কিছু জানতে পারলাম।’ ‘কাঙাল হরিনাথ গ্রামীণ সাংবাদিকতার প্রবাদপুরুষ। এই যুগেও তার মতো সাংবাদিক প্রয়োজন।’ বলেও উল্লেখ করেন তারা।

প্রসঙ্গত, অভাব অনটনের মাঝে বড় হলেও অবহেলিত সমাজের বৈষম্য তুলে ধরতে এবং তৎকালীন জমিদারের অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে জনসাধারণকে সচেতন করতে ১৮৬৩ সালে ‘গ্রামবার্তা প্রকাশিকা’ নামে একটি পত্রিকা প্রকাশ করেন তিনি। সেই পত্রিকায় লেখনীর মাধ্যমেই অবহেলিত মানুষের হৃদয়ে জায়গা করে নেন কাঙাল হরিনাথ মজুমদার। কাঙাল হরিনাথ একাধারে সংবাদ সংগ্রহ, সম্পাদনা এবং পত্রিকা প্রকাশ করতেন। আবার নিজেই পত্রিকা পাঠকের দ্বারপ্রান্তে পৌঁছে দিতেন।

মেপ্র/ আরপি

পেঁয়াজ চাষে ব্যাস্ত কুষ্টিয়ার কৃষকরা

পেঁয়াজকে অধিক পরিমাণে গুরুত্ব দিয়ে জমিতে যত্ম সহকারে দল বেধে পেঁয়াজের চাষ করছে কুষ্টিয়ার চাষীরা।

তবে দেশীয় পেঁয়াজ এর চেয়ে হাইব্রিড জাতের কিং পেঁয়াজ বেশী লাগানো হচ্ছে, চাষীরা বলছেন অল্প খরছে ভালো ফলন হওয়ায় এই হাইব্রিড জাতের কিং পেঁয়াজ লাগানো হচ্ছে।

অন্যদিকে পেঁয়াজের চাষ বেশী হওয়ায় পুরুষের পাশাপাশি নারীসহ ছাত্রছাত্রীরাও পেঁয়াজ লাগানোর কাজে ব্যস্ত সময় পার করেছেন।

কুষ্টিয়া শহরতলীর মোল্লাতেঘরিয়ার মাঠ সবাই দল বেধে একটি লাইনে একসাথে পেঁয়াজের জমিতে বসে পেঁয়াজের চারা রোপন করছেন। এবার পেঁয়াজের দাম মাত্রাতিরিক্ত হওয়ায় কুষ্টিয়ায় পেঁয়াজ চাষে আগ্রহ বৃদ্ধি পেয়েছে চাষীরদের। অন্য সব ফসলের পাশাপাশি পেঁয়াজ চাষের প্রতি গুরুত্ব দিচ্ছেন চাষীরা।

আব্দুল্লাহ নামের এক শিক্ষার্থী জানান, এখন স্কুল বন্ধ রয়েছে।

তাই অন্যের জমিতে পেঁয়াজ লাগাতে এসেছি। তিনশত টাকা হাজিরাতে আমি পেঁয়াজ লাগাতে এসেছি। এই টাকা দিয়ে আমি বই খাতা কিনবো। আমার মতো অনেকেই এসে পেয়াজ লাগাচ্ছে।

কমলাপুর গ্রামের কৃষক আব্দুস সামাদ বলেন, গতবছর আমি ১০ কাঠা জমিতে পেঁয়াজ চাষ করেছিলাম। কিন্তু পেয়াজের দাম না পেলেও এ বছরে পেঁয়াজের অনেক দাম থাকায় এবারে ৩বিঘা জমিতে পেঁয়াজ লাগাচ্ছি। শ্রমিক ঠিকমতো না পাওয়ায় নারী শ্রমিকদের দিয়েও পেঁয়াজ লাগাচ্ছি।

কৃষক বোরহান উদ্দিন জানান, আমরা চাষী মানুষ। শুধু ধান চাষ করলেই হবে না। এবার পেঁয়াজের দাম ভালো হয়েছে। তাই এবারে একটু বেশি করে পেঁয়াজ চাষ করেছি।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক কৃষিবিদ রঞ্জন কুমার প্রমানিক বলেন, কুষ্টিয়া জেলায় এবার ১১ হাজার ২৫০ হেক্টর জমিতে পেঁয়াজ আবাদ হয়। তার মধ্যে পঁচিশশো ৫০ হেক্টর জমিতে মুড়িকাটা পেঁয়াজ সেটা কর্তন হয়ে গেছে। সবমিলে ফলন হয়েছে ১১ থেকে সাড়ে ১২ টন পার হেক্টর, তাতে আমাদের বাইশ হাজার নয়শো নব্বই মেট্রিকটন উৎপাদন হয়েছে।

তবে পরবর্তীতে চারা পেঁয়াজ যেটা রোপন করা হচ্ছে এই পেঁয়াজটা মার্চ এপ্রিল দিকে উঠবে, এবং বাম্পার ফলন হবে বলে আশা করছেন কৃষি বিভাগ। বাংলাদেশের যে পাঁচটি জেলায় পিঁয়াজের বেশি উৎপাদন হয় তার মধ্যে কুষ্টিয়া একটি। আবহাওয়া ভালো থাকলে এবার কুষ্টিয়ার পেঁয়াজ দিয়ে দেশের বড় একটি চাহিদা মেটানো যাবে বলে আশা করছেন সংশ্লিষ্ঠরা।

মেপ্র/ আরপি

দর্শনা হল্ট স্টেশন রেলওয়ে পুলিশের মাদকবিরোধী অভিযানে

গাঁজা সহ টিটন বিশ্বাস গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা হল্ট স্টেশনের রেলওয়ে পুলিশের মাদকবিরোধী অভিযানে টিটন বিশ্বাস (২২) কে এক কেজি গাঁজা সহ গ্রেফতার করা হয়েছে।
আটককৃত আসামী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানার সফদারপুর রামনগর কালিদাশপুরের পিতা মধু বিশ্বাসের ছেলে।
পুলিশ জানায় আজ শুক্রবার খুলনা থেকে গোয়ালন্দঘাটগামী গোয়ালন্দ লোকাল মেইল ট্রেনে দর্শনা থেকে যাওয়ার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা হল্ট স্টেশন রেলওয়ে পুলিশ ইনচার্জ এস আই তবিবুর বহমান এর নেতৃত্বে ও সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে সকাল ৬.২০ ঘটিকার সময় টিটন বিশ্বাসকে (২২) এক কেজি গাঁজা সহ দর্শনা হল্ট স্টেশন প্লাটফর্ম এর উপর থেকে গ্রেফতার করা হয়।
আটককৃত আসামীর রিরুদ্ধে পোড়াদহ থানায় মাদক মামলা করা হয়েছে।

কুষ্টিয়ায় রোহিঙ্গা তরুণী আটক

কুষ্টিয়ায় এক রোহিঙ্গা তরুণীকে আটক করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার দুপুরে কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর ইউনিয়নের শালদহ গ্রামের একটি বাড়ি থেকে গোয়েন্দা পুলিশ (ডিবি) তাঁকে আটক করে।

আটককৃত ওই তরুণীর নাম উম্মুল খায়ের (২২)। তিনি মিয়ানমারের মংডুর ফজল হকের মেয়ে। মিয়ানমার থেকে পালিয়ে এসে তরুণীর পরিবার কক্সবাজারের উখিয়ার ট্যাংকখালী ১৭ নম্বর ক্যাম্পে বসবাস করে আসছিলো।

কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার গোলাম সবুর জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ওই রোহিঙ্গা তরুণীসহ দুজনকে আটক করা হয়। পরে তাঁদের গোয়েন্দা কার্যালয়ে নেওয়া হয়।

তিনি জানান, ২৫ জানুয়ারি তিনি সেখান থেকে কুষ্টিয়ার এক যুবকের সঙ্গে এখানে চলে আসেন। তবে তদন্তের স্বার্থে যুবকের পরিচয় গোপন

রাখা হচ্ছে। তরুণীকে কুতুপালং ক্যাম্পে পাঠানো হবে বলেও জানান তিনি।

মেপ্র/ আরপি

নির্বাচন বিএনপির লক্ষ্য নয়-ইনু

নির্বাচন বিএনপির লক্ষ্য নয় বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু।

তিনি বলেন, নির্বাচনকে ব্যবহার করে রাজনৈতিক পরিস্থিতি ঘোলাটে করে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বেকাদায় ফেলায় চেষ্টা চালিয়ে যাচ্ছে।

তিনি গতকাল বৃহস্পতিবার সকাল সাড়ে এগারোটায় কুষ্টিয়ার মিরপুর উপজেলার পাহাড়পুর লক্ষিপুর মাধ্যমিক বিদ্যালয়ে নতুন ভবনের উদ্বোধন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন।

হাসানুল হক ইনু বলেন, নির্বাচনকে ব্যবহার করে একটি রাজনৈতিক নিন্মচাপ ও ঘুর্ণিঝড় তৈরী করার চেষ্টা চালিয়ে যাচ্ছে বিএনপি। এজন্য তারা নির্বাচনকে নির্বাচন হিসেবে না দেখে বিভিন্ন সময় বিভিন্ন অযুহাত তৈরী করতে চায়। জাতির পিতা, সংবিধান ও মুক্তিযুদ্ধের চেতনার পক্ষে যারা কথা বলে না, তারা কোন প্রতিষ্ঠানে যাওয়ার যোগ্যতা রাখেনা বলেও উল্লেখ করেন তিনি।

এসময় জাসদ কেন্দ্রীয় নেতা মো: আব্দুল্লাহ, মিরপুর উপজেলা জাসদের সাধারণ সম্পাদক আহমেদ আলী, উপজেলা সহকারী কমিশনার (ভুমি) রকিবুল ইসলামসহ স্কুল কমিটির সদস্য ও জাসদ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মেপ্র/ আরপি

কুষ্টিয়ায় বসতবাড়ি উচ্ছেদ না করতে এলাকাবাসীর মানববন্ধন

কুষ্টিয়া শহরের শেখ রাসেল সেতুর পশ্চিম পাশের গড়াই নদীর দক্ষিণ পাড়ে বসবাসরত ভূমিহীন গরীব অসহায় দিনমজুর শ্রেণীর মানুষের বসতবাড়ি উচ্ছেদ না করতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে এলাকাবাসী।

বুধবার সকাল সাড়ে ১১ টায় কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এ মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।

মানববন্ধনে জানানো হয়, কুষ্টিয়া পৌরসভার তিতুমীর সড়ক (শেখ রাসেল সেতুর পশ্চিম পাশের গড়াই নদীর পাড় রেনউইক সীমানাপ্রাচীর পর্যন্ত) থানাপাড়া এলাকার হতদরিদ্র ভূমিহীন সাধারণ জনগোষ্ঠীরা দেশ স্বাধীনের পর থেকে এলাকায় বসতঘর নির্মাণ করে পৌরসভার হোল্ডিং ট্যাক্স প্রদান করে স্থায়ীভাবে বসবাস করে আসছেন।

অনেকেই বিভিন্ন অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান এনজিওর নিকট থেকে ঋণ নিয়ে ঘর নির্মাণ করে বসবাস করছেন। কিন্তু সম্প্রতি এই এলাকার ঘর বাড়ি উচ্ছেদ করে দেয়ার কথা জানতে পেরে তারা স্থানীয় প্রশাসন, পুলিশ সুপার, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, জেলা পরিষদ চেয়ারম্যান, পৌরসভার মেয়র, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ জেলা প্রশাসকের নিকট উচ্ছেদ না করার আকুল আবেদন জানিয়েছেন।

তারা বলেন, দীর্ঘদিন ধরে এই এলাকায় বসবাস করে আসছে এবং নিয়ম মেনে হোল্ডিং ট্যাক্স পর্যন্ত প্রদান করে আসছি। এসব এলাকায় বসতবাড়ি যদি উচ্ছেদ করা হয় তাহলে হাজারো মানুষ গৃহহীন হয়ে পড়বে। রাস্তায় বসা ছাড়া তাদের কোন জায়গা থাকবে না। এলাকার বসবাসরত হাজারো ভূমিহীন গরীব অসহায় মানুষদের শেষ সম্বল মাথাগোঁজার ঠাঁই রক্ষার্থে কঠোর কর্মসুচী দেওয়ার ঘোষনা দেন তারা।

পরে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করেন এলাকাবাসী।

কুষ্টিয়ায় স্ত্রী হ*ত্যার দায়ে যুবকের মৃত্যুদণ্ড

কুষ্টিয়ার খোকসা থানায় স্ত্রী হ*ত্যা মামলায় আব্দুল কাদের (২৮) নামে এক যুবককে মৃত্যুদণ্ড ও এক লাখ টাকা জরিমানার আদেশ দিয়েছেন আদালত।

বুধবার (২৯ জানুয়ারি) বেলা সাড়ে ১১টায় কুষ্টিয়া নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের বিচারক মুন্সী মো. মশিয়ার রহমান জনাকীর্ণ আদালতে আসামির উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

দণ্ডপ্রাপ্ত আসামি আব্দুল কাদের খোকসা উপজেলার দেবীনগর গ্রামের আব্দুল খালেকের ছেলে।

আদালত সূত্রে জানা যায়, ২০১৮ সালের ১০ ফেব্রুয়ারি সন্ধ্যা সাড়ে ৬টায় নিজ বাড়িতে স্ত্রী মিলি খাতুনকে (২০) মাথায় আঘাত ও শ্বাসরোধ করে হ*ত্যা করে মরদেহ খোকসা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বারান্দায় ফেলে রেখে পালিয়ে যায় তার স্বামী আব্দুল কাদের। এ ঘটনায় নিহত মিলি খাতুনের ভাই সাইফুল ইসলাম খোকসা থানায় বোন জামাই আব্দুল কাদেরের বিরুদ্ধে যৌতুক না পেয়ে নির্যাতন করে হ*ত্যার অভিযোগে মামলা দায়ের করেন। মামলাটি তদন্ত শেষে ২০১৮ সালের ৩১ মে আদালতে চার্জশিট দেয় পুলিশ।

কুষ্টিয়া নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আদালতের কৌঁশুলি (পিপি) অ্যাডভোকেট আব্দুল হালিম সত্যতা নিশ্চিত করে বলেন, খোকসা থানার চাঞ্চল্যকর এ হ*ত্যা মামলাটিতে আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আব্দুল কাদেরকে মৃত্যুদণ্ডসহ এক লাখ কাটা জরিমানা করেন আদালত।

মেপ্র/ইএম

কুষ্টিয়ায় স্ত্রীকে কুপিয়ে হ*ত্যা, মাকে জখম

কুষ্টিয়ায় মাদক কেনার টাকা দিতে অস্বীকার করায় ক্ষিপ্ত হয়ে স্ত্রীকে গলা কেটে হ*ত্যা করেছে মাদকাসক্ত এক যুবক। এ সময় নিজ মাকেও তিনি কুপিয়ে গুরুতর জখম করেছেন বলে জানা গেছে।
বুধবার সকালে কুষ্টিয়া সদর উপজেলার ইবি থানার হরিনারায়ণপুরে এ হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।
স্থানীয় সূত্র জানা যায়, হরিনারায়ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকার করিম বিশ্বাসের ছেলে আওয়াল মাদকের টাকার জন্য অস্বাভাবিক আচরণ করে আসছিলেন।
বুধবার সকালের দিকে মাদকের টাকার জন্য বাবা-মা ও স্ত্রীর সঙ্গে অসদাচরণ শুরু করেন তিনি। টাকা দিতে অস্বকৃতি জানালে আউয়াল ঘর থেকে ধারালো অস্ত্র নিয়ে স্ত্রী ও মাকে এলোপাতাড়ি আঘাত করে রক্তাক্ত জখম করে। এতে স্ত্রী জাহানারা ঘটনাস্থলেই মারা যান। গুরুতর আহত মাকে হাসপাতালে নেয়া হয়েছে। এ ঘটনায় পুলিশ মাদকাসক্ত আউয়ালকে আটক করেছে।
ইবি থানার ওসি জাহাঙ্গীর আরিফ জানান, মাদকের টাকার জন্যই এ ঘটনা ঘটে থাকতে পারে। আউয়ালকে আটক করে থানায় আনা হয়েছে।